



তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রমের যান্মাসিক প্রতিবেদন

(জানুয়ারি-জুন ২০২২)



সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা



১. ভূমিকা

বিশ্বায়নের এই যুগে টেকসই উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility) একটি অপরিহার্য উপাদান। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষাণ্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সমন্বয়যোগ্য, অধিকতর সহজ ও গুরুত্বপূর্ণ এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার লেটার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সংক্রান্ত সর্বশেষ নীতিমালা জারি করা হয়েছে। আলোচ্য নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই CSR কার্যক্রম, CSR-এর আওতায় অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সমন্বয়যোগ্য বিষয়সমূহের উপর আলোকপাত করা হয়েছে। সর্বশেষ ১০ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত একটি Revised Reporting Format প্রণয়নপূর্বক দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষাণ্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

২. CSR খাত ভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে SFD সার্কুলার নং-১, তারিখ ৯ এপ্রিল ২০২২ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, অবশিষ্ট ২০% আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য খাতের আওতায় ব্যয়ের সুযোগ রয়েছে।

৩.১ জানুয়ারি-জুন ২০২২ ষাণ্মাসিক ভিত্তিক খাতওয়ারী CSR ব্যয়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সমন্বিতভাবে জানুয়ারি-জুন ২০২২ ষাণ্মাসিকে প্রায় টাঃ৬৩৩.৭৫ কোটি (ছয়শত তেত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ টাকা) মাত্র CSR ব্যয় করা হয়েছে; তন্মধ্যে ব্যাংকসমূহ কর্তৃক প্রায় টাঃ৬২৯.৩৯ কোটি (ছয়শত উনত্রিশ কোটি উনচল্লিশ লক্ষ টাকা) মাত্র এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক টাঃ৪.৩৬ কোটি (চার কোটি ছত্রিশ লক্ষ টাকা) মাত্র CSR ব্যয় করা হয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত CSR কার্যক্রম সংক্রান্ত জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক বিবরণী/তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা এ প্রতিবেদনে তুলে ধরা হলো :

৩.১.১ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম


দেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত CSR বিষয়ক জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিক বিবরণীতে উল্লিখিত তথ্য-উপাত্ত ছক-১ এবং লেখচিত্র-১ এ তুলে ধরা হলো:

ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR কার্যক্রমের বিবরণী

ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব- কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয়ের হার (%)
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১	সোনালী ব্যাংক লিমিটেড	০.২৮৩৩	০.২৩৯০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০১৫০	০.০৫৪০	০.৫৯১৩	৪৭.৯১	৪০.৪২	০.০০
২	জনতা ব্যাংক লিমিটেড	০.২৫০০	০.০৪০০	০.০০০০	০.০০০০	৩.৭৮০০	০.০২০০	০.০০০০	০.০০০০	৪.০৯০০	৬.১১	০.৯৮	০.০০
৩	অগ্রণী ব্যাংক লিমিটেড	০.৬৪৩৪	০.০০০০	০.০০০০	০.০০০০	১.৯৮০০	০.০০০০	০.০০০০	০.০১৮০	২.৬৪১৪	২৪.৩৬	০.০০	০.০০
৪	রূপালী ব্যাংক লিমিটেড	০.২৪৪০	০.২০৫০	০.০০০০	০.০০০০	১.৯৩৭০	০.০০০০	০.০০০০	০.০৬০০	২.৪৪৬০	৯.৯৮	৮.৩৮	০.০০
৫	বেসিক ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৬০০	০.০৬০০	০.০০	০.০০	০.০০
৬	বাংলাদেশ কৃষি ব্যাংক	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৭	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৮	বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	০.০১৯৫	০.০২৯০	০.০০০০	০.০০১৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০২০	০.০৫২০	৩৭.৫০	৫৫.৭৭	০.০০
৯	প্রবাসী কল্যাণ ব্যাংক	০.০১২৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৬৫০	০.০০০০	০.০০০০	০.০০১৯	০.০৭৯৪	১৫.৭৪	০.০০	০.০০
১০	এবি ব্যাংক লিমিটেড	০.১২০০	০.০৬০০	০.০০০০	০.০০০০	০.১০২৮	০.০০০০	০.৭০০০	০.০০০০	০.৯৮২৮	১২.২১	৬.১১	০.০০
১১	আল আরাকাহ ইসলামী ব্যাংক লিমিটেড	২.৩৩১৬	২.১৬৬১	১.৯১৯১	০.০০০০	১২.২০১০	০.০০০০	১.২০০০	০.০০০০	১৯.৮১৭৮	১১.৭৭	১০.৯৩	৯.৬৮
১২	ব্যাংক এশিয়া লিমিটেড	০.৬৭২০	২.৮২০০	০.০০০০	০.০০০০	২.৭৫০০	০.২০০০	০.২৮০০	১.৬৯০০	৮.৪১২০	৭.৯৯	৩৩.৫২	০.০০
১৩	বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৪	বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৫	ব্র্যাক ব্যাংক লিমিটেড	১.৩৩১৮	০.১১২৬	০.০০০০	০.০০০০	১৩.০০০০	০.০০০০	০.০০০০	০.০২৫০	১৪.৪৬৯৪	৯.২০	০.৭৮	০.০০
১৬	সিটিজেনস্ ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৭	কমিউনিটি ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৮	ঢাকা ব্যাংক লিমিটেড	১.০৯৫০	০.৪৫২০	০.০০০০	০.০০০০	১২.৯৩২০	০.০০০০	০.৪৫০০	০.০৩২০	১৪.৯৬১০	৭.৩২	৩.০২	০.০০
১৯	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	২৫.৩৪০০	২.৫৪০০	০.০০০০	০.০০০০	১০.০০০০	১.০০০০	০.০০০০	০.১৯০০	৩৯.০৭০০	৬৪.৮৬	৬.৫০	০.০০
২০	ইস্টার্ন ব্যাংক লিমিটেড	০.৪৩০০	০.০০২৫	০.০০০০	০.০০০০	১০.০০০০	০.০০০০	০.৭২০০	০.০০০০	১১.১৫২৫	৩.৮৬	০.০২	০.০০
২১	এক্সিম ব্যাংক লিমিটেড	৯.৬৯০০	১.৬২০০	০.০০০০	০.০০০০	১৪.৮৩০০	০.০০০০	০.৮৬০০	১.৩৯০০	২৮.৩৯০০	৩৪.১৩	৫.৭১	০.০০
২২	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	২.৬০০০	২.৭০০০	১.৮০০০	০.০৫০০	০.৫০০০	০.০৫০০	০.৭০০০	০.০০০০	৮.৪০০০	৩০.৯৫	৩২.১৪	২১.৪৩
২৩	আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০১০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০১০০	০.০০	১০০.০০	০.০০
২৪	আইএফআইসি ব্যাংক লিমিটেড	১.৭০০০	০.১২০০	০.০০০০	০.০০০০	১০.০০০০	০.০০০০	০.৬০০০	০.০৪০০	১২.৪৬০০	১৩.৬৪	০.৯৬	০.০০
২৫	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	৪.৫৮৩৭	০.৮০২০	২.০০০০	০.০০০০	১৯৪.৬১৮২	০.০০০০	০.০০০০	০.১৯১০	২০২.১৯৪৯	২.২৭	০.৪০	০.৯৯
২৬	যমুনা ব্যাংক লিমিটেড	১.৯৪০০	৬.০১০০	২.৪৪০০	০.০২০০	১.০৯০০	০.০০০০	০.০৭০০	০.৩৪০০	১১.৯১০০	১৬.২৯	৫০.৪৬	২০.৪৯
২৭	মেঘনা ব্যাংক লিমিটেড	০.০০০০	০.০১৬০	০.০০০০	০.০০০০	০.৩১৫০	০.০০০০	০.০০৪৬	০.০০০০	০.৩৩৫৬	০.০০	৪.৭৭	০.০০
২৮	মার্কেটাইল ব্যাংক লিমিটেড	২.৬৫০০	৩.৮৯০০	০.১৫০০	০.০০০০	১৩.৪৫০০	০.০০০০	০.০৪৮০	১.৯৮০০	২২.১৬৮০	১১.৯৫	১৭.৫৫	০.৬৮
২৯	মিডল্যান্ড ব্যাংক লিমিটেড	০.০৩০০	০.০২০০	০.০০০০	০.০০০০	২.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	২.০৫০০	১.৪৬	০.৯৮	০.০০
৩০	মধুমতি ব্যাংক লিমিটেড	০.৮৭০০	০.২০১৫	০.০০০০	০.০০০০	২.৫৪০০	০.০০০০	১.৭২০০	০.১৮৭৫	৫.৫১৯০	১৫.৭৬	৩.৬৫	০.০০
৩১	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	০.৮০০০	০.৩৮০০	০.০৩০০	০.০৮০০	১১.৩৪০০	০.০০০০	০.৭০০০	০.৩৮০০	১৩.৭১০০	৫.৮৪	২.৭৭	০.২২
৩২	ন্যাশনাল ব্যাংক লিমিটেড	৩.৪১৫৫	১.১৯৬৫	০.০০০০	০.০০০০	০.৬৬০৪	০.০০৫০	০.০০০০	০.০০০০	৫.২৭৭৪	৬৪.৭২	২২.৬৭	০.০০

ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR কার্যক্রমের বিবরণী

ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব- কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয়ের হার (%)
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
৩৩	এনসিসি ব্যাংক লিমিটেড	০.২৮৮৬	০.১০৬০	০.০০০০	০.০০০০	১২.৮০৯৫	০.০৪০০	০.০০০০	০.০০০০	১৩.২৪৪১	২.১৮	০.৮০	০.০০
৩৪	এনআরবি ব্যাংক লিমিটেড	০.২৭৫৪	০.০৬৫০	০.০০০০	০.০০০০	৫.২০৪২	০.০০০০	০.৭০০০	০.০০০০	৬.২৪৪৬	৪.৪১	১.০৪	০.০০
৩৫	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	০.১১৪০	০.৮৯৪০	১.০০০০	১.৩৪১৭	৪.০০০০	০.০০০০	০.৭৪০০	০.০৬৫৮	৮.১৫৫৫	১.৪০	১০.৯৬	১২.২৬
৩৬	শ্রোবাল ইসলামী ব্যাংক লিমিটেড	০.৬৮৫৯	০.০১৬৫	০.০০০০	০.০০০০	২.০৪৩৮	০.০০০০	০.৭৫৯১	০.০০১৫	৩.৫০৬৮	১৯.৫৬	০.৪৭	০.০০
৩৭	ওয়ান ব্যাংক লিমিটেড	০.৩৫০০	০.০১২০	০.০০০০	০.০০০০	০.০৩১০	০.০০০০	০.০০০০	০.০২১০	০.৪১৪০	৮৪.৫৪	২.৯০	০.০০
৩৮	পদ্মা ব্যাংক লিমিটেড	০.০০০০	০.১২০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১২০০	০.০০	১০০.০০	০.০০
৩৯	প্রাইম ব্যাংক লিমিটেড	২.১১০০	২.৪৬০০	০.০০০০	০.০৬০০	১০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৩৪	১৪.৬৩৩৪	১৪.৪২	১৬.৮১	০.০০
৪০	পূবালী ব্যাংক লিমিটেড	০.৭০০০	১.০২২০	০.০১০০	০.০০০০	১০.৫০০০	০.০০০০	০.০৩৯১	০.০০০০	১২.২৭১১	৫.৭০	৮.৩৩	০.০৮
৪১	সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড	০.০১০০	০.০০০০	০.০০০০	০.০০০০	২.০০২৫	০.০০০০	০.০৫০০	০.০০০০	২.০৬২৫	০.৪৮	০.০০	০.০০
৪২	শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড	৩.৪৮০০	৬.৪৯০০	০.৮২০০	০.০০০০	১০.০০০০	০.০০০০	০.০০০০	০.৮৬০০	২১.৬৫০০	১৬.০৭	২৯.৯৮	৩.৭৯
৪৩	সীমান্ত ব্যাংক লিমিটেড	০.০৭০০	০.৪০১০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.৪৭১০	১৪.৮৬	৮৫.১৪	০.০০
৪৪	সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	০.৫১০০	২.৫৭৪০	০.০০০০	০.০০০০	৫.০০০০	০.০০০০	০.০০০০	০.০৫৯০	৮.১৪৩০	৬.২৬	৩১.৬১	০.০০
৪৫	সাউথইস্ট ব্যাংক লিমিটেড	১.৮৩০০	০.৩৯০০	০.০০০০	০.০৫০০	৬.০৩০০	০.০৪০০	১.৩১০০	০.১১০০	৯.৭৬০০	১৮.৭৫	৪.০০	০.০০
৪৬	স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	০.৬০০০	০.১৮০০	০.০০০০	০.০০০০	১০.০০০০	০.০০০০	০.৭০০০	০.০০০০	১১.৪৮০০	৫.২৩	১.৫৭	০.০০
৪৭	দি সিটি ব্যাংক লিমিটেড	১.১২০০	১.৩৪০০	০.০১০০	০.০৬০০	১০.৩৫০০	০.০০০০	০.৩০০০	০.০৬০০	১৩.২৪০০	৮.৪৬	১০.১২	০.০৮
৪৮	দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড	০.০৩০০	০.০১৫০	০.০০০০	০.০০০০	২৯.২০৫০	০.০০০০	০.০০৫০	০.৭০০০	২৯.৯৫৫০	০.১০	০.০৫	০.০০
৪৯	ট্রাস্ট ব্যাংক লিমিটেড	০.০০০০	৫.০১০০	০.০০০০	০.০০০০	১.৮৯০০	০.০০০০	০.০০০০	১.৩৮০০	৮.২৮০০	০.০০	৬০.৫১	০.০০
৫০	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড	০.৫৫০০	০.১২০০	০.০০০০	০.০০০০	১০.০০০০	০.০০০০	০.৯৬০০	০.০০০০	১১.৬৩০০	৪.৭৩	১.০৩	০.০০
৫১	ইউনিয়ন ব্যাংক লিমিটেড	০.৮৯৮৫	০.১৩৫৫	০.০০০০	০.০০০০	২.০০০০	০.০০০০	০.০০০০	০.০৭৯৫	৩.১১৩৫	২৮.৮৬	৪.৩৫	০.০০
৫২	উত্তরা ব্যাংক লিমিটেড	০.১৫৫০	০.০০৭৫	০.০০০০	০.০০০০	১০.০২৪০	০.০০০০	০.০০০০	০.০০৩৫	১০.১৯০০	১.৫২	০.০৭	০.০০
৫৩	ব্যাংক আলফালাহ লিমিটেড	০.০২০০	০.১৪৮০	০.০০০০	০.০০০০	০.০৪৫০	০.০০০	০.০০০	০.০০০	০.২১৩০	৯.৩৯	৬৯.৪৮	০.০০
৫৪	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	০.০৫০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০০	০.০০০০০	০.০৫০০	১০০.০০	০.০০	০.০০
৫৫	সিটিব্যাংক এনএ	০.০৬০০	০.০৬০০	০.০৪০০	০.০০০০	০.০৫০০	০.০০০০	০.০২৫০০	০.০০০০০	০.২৩৫০	২৫.৫৩	২৫.৫৩	১৭.০২
৫৬	হাবিব ব্যাংক লিমিটেড	০.০১০০	০.০০০০	০.০০০৮	০.০০০০	০.০২১৫	০.০০০০	০.০০০০	০.০০৯২	০.০৪১৫	২৪.১২	০.০০	১.৮১
৫৭	এইচএসবিসি	১.৮০০০	০.৩০০০	০.৭০০০	০.০৬০০	০.০০০০	০.০০০০	০.০০০০০	০.০৩০০০	২.৮৯০০	৬২.২৮	১০.৩৮	২৪.২২
৫৮	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৫৯	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	০.০৮৫০	০.০০৫৭	০.০০০০	০.০০০০	০.০১৫২	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১০৫৯	৮০.২৬	৫.৩৮	০.০০
৬০	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	৩.১৫০৮	২.৫১৩৯	০.১৭৩৪	০.০০০০	০.১৯১০	০.০০০০	০.০০০০	০.০০০০	৬.০২৯১	৫২.২৬	৪১.৭০	২.৮৮
৬১	উরি ব্যাংক	০.০০৯০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৯০	১০০.০০	০.০০	০.০০
	সর্বমোট	৮০.০১৪৫	৫০.০১৮৩	১১.০৯৩২	১.৭২৩২	৪৬১.৫০৪২	১.৩৫৫০	১৩.৬৫৫৮	১০.০২৪৩	৬২৯.৩৮৮৪			
	শতকরা হার (%)	১২.৭১	৭.৯৫	১.৭৬	০.২৭	৭৩.৩৩	০.২২	২.১৭	১.৫৯	১০০.০০			



ছক-১ ও লেখচিত্র-১ এ প্রদর্শিত তথ্য এবং জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:


- ছক-১ ও চিত্র-২ অনুযায়ী জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় প্রায় টাঃ৬২৯.৩৯ কোটি (ছয়শত ঊনত্রিশ কোটি ঊনচল্লিশ লক্ষ টাকা) মাত্র।
- আলোচ্য ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাঃ৪৬১.৫০ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৭৩.৩৩%)। দুর্যোগ ব্যবস্থাপনা খাতের আওতায় প্রধানত এ বছরের প্রথমার্ধে সিলেট ও সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে খাদ্য ও ত্রাণসামগ্রী বিতরণ এবং দেশের উত্তরাঞ্চলসহ অন্যান্য অঞ্চলে শীতাত্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়, যার সিংহভাগ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।
- এ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে শিক্ষাখাতে, যার পরিমাণ টাঃ৮০.০১ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ১২.৭১%)। শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। আরও উল্লেখ্য, বিভিন্ন ব্যাংক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলেও অনুদান প্রদান করেছে।
- ব্যাংকসমূহ কর্তৃক স্বাস্থ্যখাতে ব্যয়ের পরিমাণ টাঃ৫০.০২ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৭.৯৫%। স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, বিনামূল্যে মেডিক্যাল ক্যাম্প ও ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান দেয়া হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান দেয়া হয়েছে।
- কৃষি ও সংস্কৃতি খাতে ব্যয়ের পরিমাণ টাঃ১৩.৬৬ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২.১৭%। কৃষি ও সংস্কৃতি খাতের আওতায় ‘৭ মার্চ জয় বাংলা উৎসব’ উদযাপনার্থে অনুদান প্রদান করা হয়েছে।
- উপরোক্ত খাতসমূহ ব্যতীত CSR ব্যয়ের একটি উল্লেখযোগ্য খাত হলো পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অবনমন (টাঃ১১.০৯ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১.৭৬%)।

- এছাড়া, ব্যাংকসমূহের আয়-উৎসারী কার্যক্রম এবং অবকাঠামো উন্নয়ন খাতে CSR ব্যয় যথাক্রমে টাঃ১.৭২ কোটি এবং টাঃ১.৩৬ কোটি মাত্র।
- উল্লেখ্য, মোট ২৫২টি প্রকল্প এবং ৯৩৬টি ইভেন্টের আওতায় মোট সুবিধাভোগীর সংখ্যা প্রায় ২৪,১১,৮২২।

৩.১.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ ও লেখচিত্র-২ এ উল্লেখ করা হলো:

ছক-২: ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়)		
ব্যাংকের ধরণ	মোট ব্যয়	শতকরা হার (%)
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি)	৯.৮৮	১.৫৭
বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি)	০.০৮	০.০১
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি)	৬০৯.৮৫	৯৬.৯
বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি)	৯.৫৭	১.৫২
সর্বমোট (৬১টি)	৬২৯.৩৯	১০০.০০



আলোচ্য যান্মাসিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাঃ৯.৮৮ কোটি (নয় কোটি আটশি লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ১.৫৭%। অন্যদিকে, বিশেষায়িত ব্যাংকসমূহের CSR ব্যয় নগণ্য। ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৩৯টি ব্যাংক জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে টাঃ৬০৯.৮৫ কোটি (ছয়শত নয় কোটি পঁচাশি লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৬.৯০%। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, সিটিজেনস্ ব্যাংক লিমিটেড এবং কমিউনিটি ব্যাংক লিমিটেড আলোচ্য যান্মাসিকে কোনরূপ CSR ব্যয় করেনি। অপরদিকে, ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৮টি ব্যাংক টাঃ৯.৫৭ কোটি (নয় কোটি সাতান্ন লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ১.৫২%। বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান কোনরূপ CSR ব্যয় করেনি।

৩.১.৩. ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, doubtful income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে (ছক-৩ দ্রষ্টব্য)। এ ক্ষেত্রে -

- বর্ণিত ১০টি ব্যাংকের মোট CSR ব্যয় টাঃ৩০৬.৭০ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ৪৮.৭২%)।
- ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৩৭.৮০ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ১২.৩২%), এবং
- নিট মুনাফার বাইরে অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ২৬৮.৯০ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৮৭.৬৮%)।

ছক-৩: ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয়

ক্রম	ইসলামী ব্যাংকসমূহের নাম	জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়)	২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়)	নিট মুনাফার বাইরে অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়)
১	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড	২০২.১৯	০.০০	২০২.১৯
২	আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড	০.০১	০.০০	০.০১
৩	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড	১৯.৮২	০.০১	১৯.৮১
৪	সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড	৮.১৪	০.০০	৮.১৪
৫	স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড	১১.৪৮	১১.৪৮	০.০০
৬	এক্সিম ব্যাংক লিমিটেড	২৮.৩৯	১১.২৯	১৭.১০
৭	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	৮.৪০	৮.৪০	০.০০
৮	শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড	২১.৬৫	০.০০	২১.৬৫
৯	ইউনিয়ন ব্যাংক লিমিটেড	৩.১১	৩.১১	০.০০
১০	গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড	৩.৫১	৩.৫১	০.০০
	সর্বমোট	৩০৬.৭০	৩৭.৮০	২৬৮.৯০
	শতকরা হার (%)	১০০.০০	১২.৩২	৮৭.৬৮

৩.১.৪. বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় যে, বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (বিদেশি অনুদান, যাকাত ফান্ড ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে (ছক-৪ দ্রষ্টব্য)। এ ক্ষেত্রে -

- বর্ণিত ৯টি ব্যাংকের মোট CSR ব্যয় টাঃ৯.৫৭ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ১.৫২%)।
- ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৭.৯২ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৮২.৬৭%), এবং
- নিট মুনাফার বাইরে বিভিন্ন উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১.৬৭ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ১৭.৪৩%)।

ছক-৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়

ক্রম	বিদেশি ব্যাংকসমূহের নাম	জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	নিট মুনাফার বাইরে অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)
১	ব্যাংক আলফালাহ লিমিটেড	০.২১	০.১৪	০.০৮
২	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	০.০৫	০.০৫	০.০০
৩	সিটিব্যাংক এন.এ	০.২৪	০.২৪	০.০০
৪	হাবিব ব্যাংক লিমিটেড	০.০৪	০.০০	০.০৪
৫	এইচএসবিসি	২.৮৯	১.৩৪	১.৫৫
৬	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	০.০০	০.০০	০.০০

ক্রম	বিদেশি ব্যাংকসমূহের নাম	জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	নিট মুনাফার বাইরে অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)
৭	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	০.১১	০.১১	০.০০
৮	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	৬.০৩	৬.০৩	০.০০
৯	উরি ব্যাংক	০.০১	০.০১	০.০০
	সর্বমোট	৯.৫৮	৭.৯২	১.৬৭
	শতকরা হার (%)	১০০.০০	৮২.৬৭	১৭.৮৩

৩.১.৫ শিক্ষা খাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে ৬১টি ব্যাংকের মধ্যে ৩৩টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০% থেকে ১০% (এদের মধ্যে ১২টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি), ১২টি ব্যাংক ১০% থেকে ২০% এবং ৪টি ব্যাংক ২০% থেকে ৩০% সীমার মধ্যে শিক্ষাখাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, CSR ব্যয়ের জন্য নির্ধারিত খাতসমূহের মধ্যে শিক্ষাখাতে ১২টি ব্যাংক ৩০% এর অধিক ব্যয় করেছে। ছক-৫.১ এ শিক্ষাখাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

ছক-৫.১: শিক্ষাখাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০ - ≤১০)%	১. জনতা ব্যাংক লিমিটেড, ২. রূপালী ব্যাংক লিমিটেড, ৩. বেসিক ব্যাংক লিমিটেড, ৪. বাংলাদেশ কৃষি ব্যাংক, ৫. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ৬. ব্যাংক এশিয়া লিমিটেড, ৭. বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, ৮. বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ৯. ব্র্যাক ব্যাংক লিমিটেড, ১০. সিটিজেনস্ ব্যাংক লিমিটেড, ১১. কমিউনিটি ব্যাংক লিমিটেড, ১২. ঢাকা ব্যাংক লিমিটেড, ১৩. ইস্টার্ন ব্যাংক লিমিটেড, ১৪. আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড, ১৫. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ১৬. মেঘনা ব্যাংক লিমিটেড, ১৭. মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, ১৮. মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ১৯. এনসিসি ব্যাংক লিমিটেড, ২০. এনআরবি ব্যাংক লিমিটেড, ২১. এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ২২. পদ্মা ব্যাংক লিমিটেড, ২৩. পূবালী ব্যাংক লিমিটেড, ২৪. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড, ২৫. সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ২৬. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, ২৭. দি সিটি ব্যাংক লিমিটেড, ২৮. দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ২৯. ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ৩০. ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ৩১. উত্তরা ব্যাংক লিমিটেড, ৩২. ব্যাংক আলফালাহ লিমিটেড, ৩৩. ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	৩৩টি
(১০ > - ≤২০)%	১. প্রবাসী কল্যাণ ব্যাংক, ২. এবি ব্যাংক লিমিটেড, ৩. আল আরফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, ৪. আইএফআইসি ব্যাংক লিমিটেড, ৫. যমুনা ব্যাংক লিমিটেড, ৬. মার্কেটাইল ব্যাংক লিমিটেড, ৭. মধুমতি ব্যাংক লিমিটেড, ৮. গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড, ৯. প্রাইম ব্যাংক লিমিটেড, ১০. শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, ১১. সীমান্ত ব্যাংক লিমিটেড, ১২. সাউথইস্ট ব্যাংক লিমিটেড	১২টি
(২০ > - ≤৩০)%	১. অগ্রণী ব্যাংক লিমিটেড, ২. ইউনিয়ন ব্যাংক লিমিটেড, ৩. সিটিব্যাংক এনএ, ৪. হাবিব ব্যাংক লিমিটেড	৪টি
>৩০%	১. সোনালী ব্যাংক লিমিটেড, ২. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ৩. ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, ৪. এক্সিম ব্যাংক লিমিটেড, ৫. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ৬. ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ৭. ওয়ান ব্যাংক লিমিটেড, ৮. কমার্শিয়াল ব্যাংক অব সিলন, ৯. এইচএসবিসি, ১০. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, ১১. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ১২. উরি ব্যাংক	১২টি

৩.১.৬ স্বাস্থ্যখাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে ৬১টি ব্যাংকের মধ্যে ৪০টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০% থেকে ১০% (এদের মধ্যে ১৪টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি), ৬টি ব্যাংক ১০% থেকে ২০% এবং ৩টি ব্যাংক ২০% থেকে ৩০% সীমার মধ্যে স্বাস্থ্যখাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, CSR ব্যয়ের জন্য নির্ধারিত খাতসমূহের মধ্যে স্বাস্থ্যখাতে ১২টি ব্যাংক ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৫.২ এ ব্যাংকসমূহের স্বাস্থ্যখাতে মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো:

ছক-৫.২: স্বাস্থ্যখাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০ - ≤১০)%	১. জনতা ব্যাংক লিমিটেড, ২. অগ্রণী ব্যাংক লিমিটেড, ৩. রূপালী ব্যাংক লিমিটেড, ৪. বেসিক ব্যাংক লিমিটেড, ৫. বাংলাদেশ কৃষি ব্যাংক, ৬. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ৭. প্রবাসী কল্যাণ ব্যাংক, ৮. এবি ব্যাংক লিমিটেড, ৯. বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, ১০. বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ১১. ব্র্যাক ব্যাংক লিমিটেড, ১২. সিটিজেনস্ ব্যাংক লিমিটেড, ১৩. কমিউনিটি ব্যাংক লিমিটেড, ১৪. ঢাকা ব্যাংক লিমিটেড, ১৫. ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, ১৬. ইস্টার্ন ব্যাংক লিমিটেড, ১৭. এক্সিম ব্যাংক লিমিটেড, ১৮. আইএফআইসি ব্যাংক লিমিটেড, ১৯. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ২০. মেঘনা ব্যাংক লিমিটেড, ২১. মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, ২২. মধুমতি ব্যাংক লিমিটেড, ২৩. মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ২৪. এনসিসি ব্যাংক লিমিটেড, ২৫. এনআরবি ব্যাংক লিমিটেড, ২৬. গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড, ২৭. ওয়ান ব্যাংক লিমিটেড, ২৮. পূবালী ব্যাংক লিমিটেড, ২৯. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড, ৩০. সাউথইস্ট ব্যাংক লিমিটেড, ৩১. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, ৩২. দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ৩৩. ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড,	৪০টি

	৩৪. ইউনিয়ন ব্যাংক লিমিটেড, ৩৫. উত্তরা ব্যাংক লিমিটেড, ৩৬. কমাশিয়াল ব্যাংক অব সিলন, ৩৭. হাবিব ব্যাংক লিমিটেড, ৩৮. ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, ৩৯. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, ৪০. উরি ব্যাংক	
(১০% - ≤২০%)	১. আল আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, ২. মার্কেটাইল ব্যাংক লিমিটেড, ৩. এনআরবি কমাশিয়াল ব্যাংক লিমিটেড, ৪. প্রাইম ব্যাংক লিমিটেড, ৫. দি সিটি ব্যাংক লিমিটেড, ৬. এইচএসবিসি	৬টি
(২০% - ≤৩০%)	১. ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ২. শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, ৩. সিটিব্যাংক এনএ	৩টি
>৩০%	১. সোনালী ব্যাংক লিমিটেড, ২. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ৩. ব্যাংক এশিয়া লিমিটেড, ৪. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ৫. আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড, ৬. যমুনা ব্যাংক লিমিটেড, ৭. পদ্মা ব্যাংক লিমিটেড, ৮. সীমান্ত ব্যাংক লিমিটেড, ৯. সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ১০. ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ১১. ব্যাংক আলফালাহ লিমিটেড, ১২. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১২টি

৩.১.৭ পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে ৬১টি ব্যাংকের মধ্যে ৬৫টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০% থেকে ১০% (এদের মধ্যে ২৬টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি) সীমার মধ্যে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ব্যয় করেছে। অন্যদিকে, ১০% থেকে ২০% সীমার মধ্যে ২টি ব্যাংক এ খাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, ৩১টি ব্যাংক কর্তৃক এ খাতে ২০% এর অধিক হারে ব্যয় করা হয়েছে।


ছক-৫.৩ এ পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ:

ছক-৫.৩: পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০ - ≤১০%)	১. সোনালী ব্যাংক লিমিটেড, ২. জনতা ব্যাংক লিমিটেড, ৩. অগ্রণী ব্যাংক লিমিটেড, ৪. রূপালী ব্যাংক লিমিটেড, ৫. বেসিক ব্যাংক লিমিটেড, ৬. বাংলাদেশ কৃষি ব্যাংক, ৭. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ৮. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ৯. প্রবাসী কল্যাণ ব্যাংক, ১০. এবি ব্যাংক লিমিটেড, ১১. আল আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, ১২. ব্যাংক এশিয়া লিমিটেড, ১৩. বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, ১৪. বেঙ্গল কমাশিয়াল ব্যাংক লিমিটেড, ১৫. ব্র্যাক ব্যাংক লিমিটেড, ১৬. সিটিজেনস্ ব্যাংক লিমিটেড, ১৭. কমিউনিটি ব্যাংক লিমিটেড, ১৮. ঢাকা ব্যাংক লিমিটেড, ১৯. ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, ২০. ইস্টার্ন ব্যাংক লিমিটেড, ২১. এক্সিম ব্যাংক লিমিটেড, ২২. আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড, ২৩. আইএফআইসি ব্যাংক লিমিটেড, ২৪. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ২৫. মেঘনা ব্যাংক লিমিটেড, ২৬. মার্কেটাইল ব্যাংক লিমিটেড, ২৭. মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, ২৮. মধুমতি ব্যাংক লিমিটেড, ২৯. মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ৩০. ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ৩১. এনসিসি ব্যাংক লিমিটেড, ৩২. এনআরবি ব্যাংক লিমিটেড, ৩৩. গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড, ৩৪. ওয়ান ব্যাংক লিমিটেড, ৩৫. পদ্মা ব্যাংক লিমিটেড, ৩৬. প্রাইম ব্যাংক লিমিটেড, ৩৭. পূবালী ব্যাংক লিমিটেড, ৩৮. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড, ৩৯. শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, ৪০. সীমান্ত ব্যাংক লিমিটেড, ৪১. সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ৪২. সাউথইস্ট ব্যাংক লিমিটেড, ৪৩. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, ৪৪. দি সিটি ব্যাংক লিমিটেড, ৪৫. দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ৪৬. ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ৪৭. ইউনাইটেড কমাশিয়াল ব্যাংক লিমিটেড, ৪৮. ইউনিয়ন ব্যাংক লিমিটেড, ৪৯. উত্তরা ব্যাংক লিমিটেড, ৫০. ব্যাংক আলফালাহ লিমিটেড, ৫১. কমাশিয়াল ব্যাংক অব সিলন, ৫২. হাবিব ব্যাংক লিমিটেড, ৫৩. ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, ৫৪. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, ৫৫. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ৫৬. উরি ব্যাংক	৫৬টি
(১০% - ≤২০%)	১. এনআরবি কমাশিয়াল ব্যাংক লিমিটেড, ২. সিটিব্যাংক এনএ	২টি
>২০%	১. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ২. যমুনা ব্যাংক লিমিটেড, ৩. এইচএসবিসি	৩টি

৩.১.৮ যান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ

জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় প্রায় টাঃ৬২৯.৩৯ কোটি (ছয়শত ঊনত্রিশ কোটি ঊনচল্লিশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল টাঃ২৯৭.৭৯ কোটি (দুইশত সাতানব্বই কোটি ঊনাশি লক্ষ টাকা) মাত্র। জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকের তুলনায় টাঃ৩৩১.৬০ কোটি (তিনশত একত্রিশ কোটি ষাট লক্ষ টাকা মাত্র) বা ১১১.৩৫% বেশি। এ বছরের প্রথমার্ধে বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে খাদ্য ও ত্রাণসামগ্রী বিতরণ এবং উত্তরাঞ্চলের শীতাত্ত ও দরিদ্র মানুষের মাঝে কমল বিতরণে ব্যয়সহ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে প্রদান করায় এ যান্মাসিকে পূর্ববর্তী যান্মাসিকের তুলনায় CSR ব্যয় বেশি হয়েছে।

ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২১ এবং জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় লেখচিত্র-৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:



লেখচিত্র-৩ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকের তুলনায় শিক্ষা খাতে CSR ব্যয় ২.৫ গুণ বৃদ্ধি পেয়েছে।
- অন্যদিকে, আলোচ্য যান্মাসিকে স্বাস্থ্যখাতে CSR ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী যান্মাসিকের তুলনায় উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা খাতে ব্যাংকসমূহের CSR ব্যয় জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকের তুলনায় প্রায় ৩.৫ গুণ বৃদ্ধি পেয়েছে।
- এছাড়া, জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে পরিবেশ ও জলবায়ু, সংস্কৃতি, অবকাঠামো উন্নয়ন এবং অন্যান্য খাতে CSR ব্যয়ের পরিমাণ জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকের তুলনায় হ্রাস পেয়েছে।
- অন্যদিকে, জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে আয় উৎসারী খাতে CSR ব্যয়ের পরিমাণ জুলাই-ডিসেম্বর ২০২১ যান্মাসিকের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে।

৩.১.৯ CSR ব্যয় বহির্ভূত/ ন্যূনতম পরিমাণ CSR ব্যয়কৃত তফসিলি ব্যাংকসমূহ

দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মধ্যে জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে ৭টি ব্যাংক (বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, সিটিজেনস্ ব্যাংক লিমিটেড, কমিউনিটি ব্যাংক লিমিটেড এবং ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান) কোনরূপ CSR ব্যয় করেনি। অন্যদিকে, এ যান্মাসিকে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড, কমার্শিয়াল ব্যাংক অব সিলন, হাবিব ব্যাংক লিমিটেড এবং উরি ব্যাংক-এর CSR ব্যয়ের পরিমাণ অত্যন্ত কম।

৩.২.১ জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রম


বাংলাদেশে কার্যরত ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ১৪টি আর্থিক প্রতিষ্ঠান জানুয়ারি-জুন ২০২২ যান্মাসিকে CSR খাতে ব্যয় করেছে টাঃ৪.৩৬ কোটি (চার কোটি ছত্রিশ লক্ষ টাকা) মাত্র। আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৬ এবং লেখচিত্র-৪ এ তুলে ধরা হলো :

ছক-৬: আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR কার্যক্রমের ষাণ্মাসিক বিবরণী

ক্রম	আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব-কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয়ের হার (%)
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১	অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড	০.০০৯০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৯০	১০০.০০	০.০০	০.০০
২	আভিভা ফাইন্যান্স লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৩	বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড	০.০৪০০	০.০১১০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৫৫০	০.০০০০	০.১০৬০	৩৭.৭৪	১০.৩৮	০.০০
৪	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (BIFC)	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৫	বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড (BIFFL)	০.০২০০	০.০০০০	০.০৫০০	০.০০০০	০.৫০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.৫৭০০	৩.৫১	০.০০	৮.৭৭
৬	বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০৫০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৫০	১০০.০০	০.০০	০.০০
৭	সিভিসি ফাইন্যান্স লিমিটেড	০.০১২৫	০.০১৮০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৩০৫	৪০.৯৮	৫৯.০২	০.০০
৮	ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড (DBH)	০.০৩৫০	০.০১০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৪৫০	৭৭.৭৮	২২.২২	০.০০
৯	ফারিস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১০	এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১১	ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১২	জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৩	হল্ফ ফাইন্যান্স কোম্পানী লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৪	আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	০.৭৬০০	০.১৪০০	০.১৪০০	০.০০০০	০.০৫০০	০.০০০০	০.০০০০	০.০০০০	১.০৯০০	৬৯.৭২	১২.৮৪	১২.৮৪
১৫	ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড (IIDFC)	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৬	ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (IDCOL)	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	১.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	১.০০০০	০.০০	০.০০	০.০০
১৭	ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
১৮	আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড	০.২৮১০	০.২৫০০	০.০৫০০	০.০০০০	০.০২৩০	০.০০০০	০.১১০০	০.২০৩০	০.৯১৭০	৩০.৬৪	২৭.২৬	৫.৪৫
১৯	ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (IFIL)	০.০৫৩০	০.০০২৫	০.০০০০	০.০০০০	০.০৪৯৪	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১০৪৯	৫০.৫২	২.৩৮	০.০০
২০	লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড	০.১১১২	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১১১২	০.০০০০	০.০০০০	০.০০০০	০.২২২৪	৫০.০০	০.০০	০.০০
২১	লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লিমিটেড	০.০০১৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০১৫	১০০.০০	০.০০	০.০০
২২	মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০২৬৪	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০২৬৪	১০০.০০	০.০০	০.০০

ছক-৬: আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২২ ভিত্তিক CSR কার্যক্রমের ষাণ্মাসিক বিবরণী

ক্রম	আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব-কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয়ের হার (%)
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
২৩	মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৭৭	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৭৭	০.০০	০.০০	০.০০
২৪	ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড	০.০০০০	০.০৩৪০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৩৪০	০.০০	১০০.০০	০.০০
২৫	ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস লিমিটেড	০.০০২৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০২৫	১০০.০০	০.০০	০.০০
২৬	ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
২৭	প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
২৮	প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
২৯	সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (SABINCO)	০.০০৭৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০৭৫	১০০.০০	০.০০	০.০০
৩০	স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিমিটেড	০.০০১০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০১০	১০০.০০	০.০০	০.০০
৩১	দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড (UBICO)	০.০৫০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৫০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১০০০	৫০.০০	০.০০	০.০০
৩২	ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
৩৩	ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড	০.০৫০০	০.০৩০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৮০০	৬২.৫০	৩৭.৫০	০.০০
৩৪	উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০	০.০০	০.০০
সর্বমোট		১.৪৬৫৬	০.৮৯৫৫	০.২৪০০	০.০০০০	১.৭৯১৩	০.০০০০	০.১৬৫০	০.২০৩০	৪.৩৬০৪	-	-	-
শতকরা হার (%)		৩৩.৬১	১১.৩৬	৫.৫০	০.০০	৪১.০৮	০.০০	৩.৭৮	৪.৬৬	১০০.০০	-	-	-



ছক-৬ ও লেখচিত্র-৩ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- আর্থিক প্রতিষ্ঠানসমূহ জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে CSR খাতে টাঃ৪.৩৬ কোটি (চার কোটি ছত্রিশ লক্ষ টাকা) মাত্র ব্যয় করেছে।
- আলোচ্য ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাঃ১.৭৯ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৪১.০৮%)।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে শিক্ষাখাতে, যার পরিমাণ টাঃ১.৪৭ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৩৩.৬১%)।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তৃতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে, যার পরিমাণ টাঃ০.৫০ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ১১.৩৬%)।
- পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে মোট ব্যয়ের পরিমাণ টাঃ০.২৪ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৫.৫০%।
- এছাড়া, ক্রীড়া ও সংস্কৃতি খাতে মোট ব্যয় টাঃ০.১৭ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৩.৭৮%) এবং অন্যান্য খাতে মোট ব্যয় প্রায় টাঃ০.২০ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৪.৬৬%)।
- উল্লেখ্য, আলোচ্য ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অবকাঠামো উন্নয়ন ও আয়-উৎসারী খাতে কোনরূপ CSR ব্যয় করা হয়নি।

৩.২.২ শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ১৭টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ CSR ব্যয় করেনি। ০% থেকে ১০% সীমার মধ্যে CSR ব্যয় করেছে ১৮টি আর্থিক প্রতিষ্ঠান। অন্যদিকে, ১০% থেকে ৩০% সীমার মধ্যে এ খাতে কোন আর্থিক প্রতিষ্ঠান CSR ব্যয় করেনি। তাছাড়া, ১৬টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৭.১ এ শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ:

ছক-৭.১: শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
(০ - ≤১০)%	১. অভিজা ফাইন্যান্স লিমিটেড, ২. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ৩. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড, ৪. ফারিস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৫. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৬. ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড, ৭. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড, ৮. হজ্জ ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ৯. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ১০. ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড, ১১. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড, ১২. মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড, ১৩. ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড, ১৪. ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৫. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড, ১৬. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৭. ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড, ১৮. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	১৮টি
(১০> - ≤২০)%	-----	০টি
(২০> - ≤৩০)%	-----	০টি
>৩০%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড, ২. বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড, ৩. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৪. সিভিসি ফাইন্যান্স লিমিটেড, ৫. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড, ৬. আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড, ৭. আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড, ৮. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৯. লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড, ১০. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লিমিটেড, ১১. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১২. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৩. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ১৪. স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিমিটেড, ১৫. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ১৬. ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড	১৬টি

৩.২.৩ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ বার্ষিক ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৬টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে কোনরূপ CSR ব্যয় করেনি। ০% থেকে ১০% সীমার মধ্যে CSR ব্যয় করেছে ২৭টি আর্থিক প্রতিষ্ঠান। অন্যদিকে, ২টি আর্থিক প্রতিষ্ঠান ১০% থেকে ২০% সীমার মধ্যে এবং ২টি আর্থিক প্রতিষ্ঠান ২০% থেকে ৩০% সীমার মধ্যে এ খাতে CSR ব্যয় করেছে। তাছাড়া, ৩টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৭.২ এ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-৭.২: স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
(০ - ≤১০)%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড, ২. অভিজা ফাইন্যান্স লিমিটেড, ৩. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ৪. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড, ৫. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৬. ফারিস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৭. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৮. ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড, ৯. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড, ১০. হজ্জ ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ১১. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ১২. ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড, ১৩. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড, ১৪. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৫. লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড, ১৬. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লিমিটেড, ১৭. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৮. মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড, ১৯. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২০. ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২১. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড, ২২. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২৩. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ২৪. স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লিমিটেড, ২৫. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ২৬. ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড, ২৭. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	২৭টি
(১০> - ≤২০)%	১. বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড, ২. আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	২টি
(২০> - ≤৩০)%	১. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড, ২. আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড	২টি
>৩০%	১. সিভিসি ফাইন্যান্স লিমিটেড, ২. ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড, ৩. ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড	৩টি

৩.২.৪ পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২২ বার্ষিক ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩১টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ CSR ব্যয় করেনি। ০% থেকে ১০% সীমার মধ্যে পরিবেশ এবং জলবায়ু খাতে ৩৩টি আর্থিক প্রতিষ্ঠান ব্যয় করেছে। অন্যদিকে, ১টি আর্থিক প্রতিষ্ঠান ১০% থেকে ২০% সীমার মধ্যে এ খাতে CSR ব্যয় করেছে। তবে ২০% থেকে ৩০% সীমার মধ্যে এবং ৩০% এর অধিক কোন আর্থিক প্রতিষ্ঠান এ খাতে CSR ব্যয় করেনি।


ছক-৭.৩ এ পরিবেশ এবং জলবায়ু খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-৭.৩: পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
(০ - ≤১০)%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড, ২. আভিডা ফাইন্যান্স লিমিটেড, ৩. বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড, ৪. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ৫. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড, ৬. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ৭. সিভিসি ফাইন্যান্স লিমিটেড, ৮. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লিমিটেড, ৯. ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১০. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১১. ফার্স্ট ফাইন্যান্স লিমিটেড, ১২. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লিমিটেড, ১৩. হজ্জ ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ১৪. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড, ১৫. ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড, ১৬. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড, ১৭. আইপিডিসি ফাইন্যান্স লিমিটেড, ১৮. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ১৯. লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড, ২০. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লিমিটেড, ২১. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২২. মাইডাস ফাইন্যান্সিং লিমিটেড, ২৩. ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড, ২৪. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২৫. ফিনিস্ট্র ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২৬. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লিমিটেড, ২৭. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, ২৮. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ২৯. স্ট্রাটাজিক ফাইন্যান্স লিমিটেড, ৩০. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড, ৩১. ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড, ৩২. ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড, ৩৩. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড	৩৩টি
(১০ > - ≤২০)%	১. আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড	১টি
(২০ > - ≤৩০)%	-----	০টি
>৩০%	-----	০টি

৩.২.৫ ষান্মাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র

জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় টাঃ৪.৩৬ কোটি (চার কোটি ছত্রিশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর ২০২১) আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় ছিল টাঃ৩.৩৮ কোটি (তিন কোটি আটত্রিশ লক্ষ টাকা) মাত্র। পর্যালোচনান্তে দেখা যায়, চলতি ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় টাঃ০.৯৮ কোটি (আটানব্বই লক্ষ টাকা) মাত্র বা ২৯% বেশি।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২২ এবং জুলাই-ডিসেম্বর ২০২১ ষান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় লেখচিত্র-৫ এ উপস্থাপন করা হল:



লেখচিত্র-৫ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয় বিশ্লেষণ:

জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২১ ষান্মাসিকের তুলনায় কিছুটা বৃদ্ধি পেয়েছে। শিক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ ও জলবায়ু খাতে আলোচ্য ষান্মাসিকে CSR ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে, স্বাস্থ্য এবং ক্রীড়া ও সংস্কৃতি খাতে এ ষান্মাসিকে CSR ব্যয় হ্রাস পেয়েছে। তবে, উভয় ষান্মাসিকে অবকাঠামো উন্নয়ন এবং আয় উৎসারী খাতে কোন CSR ব্যয় করা হয় নি। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের সার্বিক চিত্র বিশ্লেষণে দেখা যায়, আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট এবং খাতওয়ারি CSR ব্যয় ব্যাংকসমূহের মোট এবং খাতওয়ারি CSR ব্যয় এর তুলনায় অত্যন্ত কম।

উপসংহার

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সারাবিশ্বে ‘Triple Bottom Line Framework’ বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত, যা অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকাণ্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে। CSR কেবল জনহিতৈষী কর্মকাণ্ডে সীমাবদ্ধ নয়; এর পরিধি টেকসই উন্নয়নমূলক কর্মকাণ্ডেও বিস্তৃত। কাজেই, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানমূহ দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি জাতীয় অর্থনৈতিক অন্তর্ভুক্তি কৌশল (NFIS) এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) সহ বিভিন্ন সরকারি ও আন্তর্জাতিক পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

----- ০ -----